# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 04-02-2025** **Time: 7-50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) অষ্টম বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন আগামীকাল শুরু হচ্ছে। এতে ৪০ টি দেশের প্রতিনিধি অংশ নিচ্ছেন। দেশীয় শিল্পপতিদের মধ্যে মুকেশ আম্বানি এবং সজ্জন জিন্দালও উপস্থিত থাকবেন বলে রাজ্যের মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

২) বাংলাদেশ সীমান্তে আরও এক দফা আউট পোস্ট তৈরি ও কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য রাজ্য সরকার বিএসএফকে জমি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

৩) আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে আর্থিক দুর্নীতির মামলায় আগামীকাল আলিপুর আদালতে চার্জ গঠনের প্রক্রিয়া শুরু হবে।

৪) আজ বিশ্ব ক্যান্সার দিবস। ক্যান্সার রোগ নির্ণয় ও চিকিৎসার খরচ কমাতে উদ্যোগী হচ্ছে রাজ্য সরকার।

৫) বারুইপুরের একটি বাড়ি থেকে প্রায় এক কোটি টাকার নিষিদ্ধ মাদক ও কয়েক লক্ষ টাকা উদ্ধার করা হয়েছে।

৬) আজ যথোচিত মর্যাদায় কলকাতায় ফ্র্যাঙ্ক ওরেল দিবস পালিত হয়েছে।

---------------------------------------------------------------------------------

রাজ্যে শিল্পক্ষেত্রে বিনিয়োগ বৃদ্ধিতে অষ্টম দফায় বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন আগামীকাল শুরু হচ্ছে। নিউ টাউনের বিশ্ববাংলা কনভেনশন সেন্টারে প্রস্তাবিত দু-দিনের এই সম্মেলনে ২৫ জন রাষ্ট্রদূত আসছেন। এছাড়াও ভুটানের রাজা জিগমে কেশর নামগয়েল ওয়াংচুক, ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন, শিল্পপতি মুকেশ আম্বানী, সজ্জন জিন্দাল প্রমুখ সম্মেলনে যোগ দেবেন।

এদিকে, বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের প্রাক্কালে আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠক বসে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরোহিত্যে বিকেল চারটেয় নবান্নে আয়োজিত ওই বৈঠকে বিভিন্ন দপ্তরের মন্ত্রীরা উপস্থিত ছিলেন।

এরপর মুখ্যমন্ত্রী নিউটাউনের ইকো পার্কে, শিল্পপতি এবং বিভিন্ন বণিক সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে এক চা চক্রে যোগ দেন। এর আগে সাংবাদিকদের তিনি বলেন, এবারের বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে ৪০ টি দেশের প্রতিনিধিরা অংশ নেবেন।

(বাইট-মমতা )

----------------------

বাংলাদেশের বর্তমান অবস্থার প্রেক্ষিতে রাজ্য সরকার আরও এক দফায় আউট পোস্ট তৈরি ও কাঁটাতার দেওয়ার জন্যে সীমান্ত সুরক্ষা বাহিনী বিএসএফ-কে জমি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আজ নবান্নে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সংক্রান্ত একটি প্রস্তাব গৃহীত হয়। বৈঠক নিয়ে সরকারিভাবে কিছু না জানানো হলেও, একটি আউটপোস্ট তৈরির জন্য জলপাইগুড়ির বিন্নাগুড়িতে শূন্য দশমিক শূন্য পাঁচ একর এবং কাঁটাতার দেওয়ার জন্যে মালদার নারায়নপুরে উনিশ দশমিক সাত তিন একর জমি দেওয়া হবে বলে ঠিক হয়েছে।

এছাড়াও চা পর্যটনের উন্নয়নে উত্তরবঙ্গের আলিপুরদুয়ারের দুটি ও জলপাইগুড়ির একটি নতুন হোমস্টে-কে চা বাগানের অব্যবহৃত জমি দেওয়া সংক্রান্ত একটি প্রস্তাবও গৃহীত হয়েছে। বিধানসভার আসন্ন বাজেট অধিবেশন নিয়েও বৈঠকে বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও বাজেট সংক্রান্ত যে সব বিল অধিবেশনে আনা হবে বৈঠকে সেগুলি ছাড়পত্র পেয়েছে। আসন্ন অধিবেশনের আগে আগামী শুক্রবার বিধানসভায় সর্বদল বৈঠক ও পরে কার্য উপদেষ্টা কমিটির বৈঠক ডাকা হয়েছে। আপাতত দুই পর্বে কুড়ি দিন ধরে এই অধিবেশন চলবে বলে ঠিক হয়েছে।  এর পাশাপাশি আগামীকাল থেকে শুরু হতে চলা বিশ্ববঙ্গ বানিজ্য সম্মেলনে মন্ত্রিসভার সব সদস্যদের সঠিক সময়ে উপস্থিতি ছাড়াও চন্দ্রিমা ভট্টাচার্য, জ্যোৎস্না মান্ডি, শশী পাঁজা ও বীরবাহা হাঁসদাকে বিশেষ দায়িত্ব দেওয়া হয়েছে।

---------------------

আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে আর্থিক দুর্নীতির মামলায় আগামীকাল আলিপুর আদালতে চার্জ গঠনের প্রক্রিয়া শুরু হবে। এই মামলায় গত ২৯ নভেম্বর নিম্ন আদালতে চার্জশিট জমা দিয়েছিল সিবিআই। চার্জশিটে আর জি করের প্রাক্তন অধ্যক্ষ ধৃত সন্দীপ ঘোষ সহ মোট পাঁচজনের নাম আছে।

কলকাতা হাইকোর্ট আর জি করের আর্থিক দুর্নীতির মামলায় চার্জ গঠন করে বিচার প্রক্রিয়া শুরু করার নির্দেশ দিয়েছে।

---------------------

তদন্ত প্রক্রিয়ায় গতি আনতে  কলকাতা পুলিশে নতুন ১২টি ডেপুটি কমিশনার পদ তৈরি করা হচ্ছে। এর মধ্যে পাঁচ জনের কাজই হবে তদন্তে নেতৃত্ব দেওয়া। নবান্নে

আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে। জানা গেছে, নতুন যে ১২ জন ডেপুটি কমিশনার হবে তাঁরা সবাই নন আইপিএস ক্যাডারের অফিসার। কলকাতা পুলিশের অ্যাসিস্ট্যান্ট কমিশনার পদ থেকে তাঁরা পদোন্নতির মাধ্যমে ডেপুটি কমিশনার হবেন। আরজি কর কাণ্ডে পুলিশি তদন্ত নিয়ে নানা মহলে প্রশ্ন ওঠার প্রেক্ষিতে এই পদক্ষেপ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

---------------------

উত্তর ২৪ পরগনার বাগদার পুরদহ এলাকায় নিজের ছবি দিয়ে অন্যের নথিপত্র ব্যবহার করে জাল আধার-ভোটার ও প্যান কার্ড তৈরি করে এদেশে বসবাসের অভিযোগে এক বাংলাদেশিকে পুলিশ গ্রেপ্তার করেছে।

জানা গেছে, বাংলাদেশের ঝিকারগাছার বাসিন্দা বাসুদেব ঘরামি বছর আটেক আগে পরিবার নিয়ে ভারতে আসে। এরপর প্রতিবেশী গনেশ ঘরামির নাম সহ অন্যান্য তথ্য ব্যবহার করে নিজের ছবি দিয়ে আধার-ভোটার ও প্যান কার্ড তৈরি করে সে। আজ তাঁকে বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে ছয় দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছেন বিচারক।

এদিকে, মালদার হবিবপুর থানার ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী ইটঘাঁটি এলাকা থেকে BSF, চার বাংলাদেশীকে আটক করে হবিবপুর থানার পুলিশের হাতে তুলে দিয়েছে। ধৃত চারজনই বাংলাদেশের চাঁপাই নবাবগঞ্জ জেলার রোকনপুরের বাসিন্দা।

---------------------

পশ্চিম বর্ধমানের লাউদোহা ফরিদপুর ব্লকে ইসিএলের ঝাঁঝরা এমআইসি কোলিয়ারিতে কনভেয়ার বেল্টে জড়িয়ে এক শ্রমিকের মৃত্যু হয়েছে। আজ দুপুরে খনির নীচে কাজ করার সময় বছর ৪৮-এর কানাইলাল ঘোষ

আচমকাই কনভেয়ার বেল্ট-এর মধ্যে পড়ে যান। তাঁর বাম হাত শরীর থেকে বিচ্ছিন্ন হয়ে যায়।

দেহ ওপরে ওঠানোর পরই শ্রমিকরা কর্তৃপক্ষের গাফিলতির অভিযোগে বিক্ষোভ দেখান।

---------------------

আজ বিশ্ব ক্যান্সার দিবস। বিশ্বজুড়ে ক্যান্সার রোগ প্রতিরোধ সম্পর্কে মানুষকে সচেতন করতে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালিত হচ্ছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা WHO ও আন্তর্জাতিক ক্যান্সার নিয়ন্ত্রণ ইউনিয়ন, ক্যান্সারের মতো মারণ ব্যধি রুখতে ও নিয়ন্ত্রণ করতে একাধিক কর্মসূচী হাতে নিয়েছে। বিভিন্ন চিকিৎসা কেন্দ্র ও স্বাস্থ্য সংগঠন আজ এই বিষয়ে আলোচনা চক্রের আয়োজন করেছে।

ক্যান্সার সম্পর্কে মানুষকে আরও সচেতন হওয়ার কথা বলেছেন চিকিৎসক জীবক ভট্টাচার্য্য জানিয়েছেন।

বাইট

---------------------

ক্যান্সার রোগ নির্ণয় ও চিকিৎসা সহ বিভিন্ন আনুষঙ্গিক খরচ কমাতে রাজ্য সরকার উদ্যোগী হচ্ছে। এর প্রাথমিক ধাপ হিসাবে সব জেলা হাসপাতালে অঙ্কলজি আউটডোর পরিষেবা চালু হয়েছে। যেখানে কেমো থেরাপির সুবিধাও মিলছে। আগামী দিনে মহকুমা স্তরেও এই পরিষেবা পৌছে দেওয়ার প্রস্তুতি চলছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা

গেছে। এ রাজ্যে সরকারি স্বাস্থ্য পরিষেবা বিনামূল্যে পাওয়া গেলেও ফলো-আপ থেরাপিতে শুধু বিনামূল্যে ওষুধ পাওয়া যায়। অন্যান্য পরীক্ষা নিরীক্ষার খরচ রোগী বা তার পরিবারকেই বহন করতে হয়। এই সমস্যা থেকে তাদের মুক্তি দিতেই ব্যবস্থা নিচ্ছে রাজ্য সরকার।

--------------------

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের বাজারে মন্ডলপাড়ার একটি বাড়ি থেকে এক কোটি টাকারও বেশি নিষিদ্ধ মাদক পুলিশ উদ্ধার করেছে। মিলেছে কয়েক লক্ষ নগদ টাকাও। বারুইপুর থানার পুলিশকে সঙ্গে নিয়ে আজ স্পেশাল টাস্ক ফোর্স ঐ বাড়িতে তল্লাশি চালায়। সেখানেই মকলেস শেখের ঘর থেকে ঐ মাদক ও টাকা মেলে। েখনো তল্লাশি চলেছে।

--------------------

আবগারি মামলায় ধরা পড়া দাবিদারহীন গাড়ি নিলাম করার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। এই ধরনের গাড়ি বাজেয়াপ্ত হওয়ার পর, রাজ্য সরকারের তরফ থেকে বিজ্ঞাপন দেওয়া হবে। এক্ষেত্রে যদি গাড়ির মালিক সঠিক তথ্যপ্রমাণ দিয়ে তা ছাড়িয়ে নিতে পারেন, তবে গাড়ির কোনও মালিক পাওয়া না গেলে সেগুলিকে নিলামে তোলা হবে। সম্প্রতি এই বিষয়ে আইন পরিবর্তন করা হয়েছে। ইতিমধ্যে এমন দু'টি গাড়ি চিহ্নিত করা হয়েছে । সেই গাড়ি দু'টি নিলামে তোলার আগে শেষবারের জন্য বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। দু'মাস অপেক্ষা করার পরেও কোনও দাবিদার না-পাওয়া গেলেগাড়ি দু'টি নিলাম করা হবে । ওই গাড়ির সঙ্গে সংশ্লিষ্ট মামলার নিষ্পত্তি হয়ে যাওয়ার পর মালিক নির্দোষ প্রমানিত হলে নিলামের অর্থ তাঁকে দিয়ে দেওয়া হবে । অথবা, তা জমা পড়বে সরকারি তহবিলে।

---------------------

অন্যবারের মতো এবারও বইমেলায় ভারত সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের প্রকাশনা বিভাগের স্টলে ইতিহাস বিজ্ঞান সমাজতত্ত্ব চলচ্চিত্র ইত্যাদি বিভিন্ন বিষয়ের তথ্য মূলক ও গবেষণাধর্মী বইয়ের বিপুল সম্ভার সাজানো হয়েছে। বিভাগীয় অধিকর্তা সুমিতা চক্রবর্তী আকাশবাণীকে জানান, বইমেলা উপলক্ষে সব বইয়ে ১০ শতাংশ ছাড় ছাড়াও উপর পাঁচ বছর আগেই প্রকাশিত প্রতিটি বই এর উপর পঞ্চাশ শতাংশ ছাড় দেওয়া হচ্ছে।

বাইট সুমীতা চক্রবর্তী

---------------------

বিভিন্ন জায়গায় সরস্বতী পুজো আয়োজনের ক্ষেত্রে নানা বাধার সম্মুখীন হওয়ার জন্য রাজ্য সরকারকেই বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দায়ী করেছেন। এক্স হ্যান্ডেলে আজ এক বার্তায় শ্রী অধিকারী অভিযোগ করেছেন, ভোটের রাজনীতির কারণেই রাজ্যের মুখ্যমন্ত্রীর মদতে হিন্দুরা ধর্মাচরণ এবং পূজার্চনা করতে বাধাপ্রাপ্ত হচ্ছেন।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক কুনাল ঘোষ বলেছেন, বিজেপি কর্মী সমর্থকরা সাম্প্রয়াদিক রাজনীতির প্রেক্ষাপট তৈরি করার জন্য নানা জায়গায় আক্রমণ করছে এবং তারপর অন্য ধর্মের ওপর দোষ চাপাচ্ছেন। কোনো ধর্মীয় প্রতিষ্ঠানের ওপর কখনই তৃণমূল কংগ্রেস কোনো আক্রমণ করেনা।

---------------------

ফ্রাঙ্ক ওরেল দিবস উপলক্ষে আজ ইডেনে এক শিবিরে ৪২৫ জন রক্তদান করেছেন। রক্তদাতাদের ভারতের প্রাক্তন অধিনায়ক চাঁদু বোরদের স্বাক্ষরিত শংসাপত্র দেওয়া হয়। গতকাল সিএবির প্রতিষ্ঠা দিবস হলেও সরস্বতী পুজা থাকায় আজ ওই রক্তদান শিবিরের আয়োজন করা হয়।

১৯৬২ সালের ১৭ই মার্চ বার্বাডোজে ওয়েস্ট ইন্ডিজ সফরের সময় চার্লি গ্রিফিথের বলে ভারতের অধিনায়ক নারি কন্ট্রাক্টর মাথায় গুরুতর আঘাত পান । ফ্র্যাঙ্ক ওরেলের নেতৃত্বে দু দলের ক্রিকেটাররা রক্ত দিয়ে কন্ট্রাক্টরের জীবন রক্ষা করেছিলেন। রক্তদানকারীদের মধ্যে ছিলেন চাঁদু বোরদে। সেই মহতী ঘটনার স্মরণে সিএবির প্রতিষ্ঠা দিবসটি রক্তদানের মধ্য দিয়ে ফ্রাঙ্ক ওরেল দিবস হিসাবে পালিত হয়ে থাকে।

----------------------

উত্তরাখন্ডের দেহরাদুনে জাতীয় গেমসের সপ্তম দিনে আজ বাংলা আরও দুটি ব্রোঞ্জ পদক পেয়েছে। পুরুষদের ওয়াটারপোলোয় বাংলা, ১৫-১৪ গোলে কেরালাকে এবং মহিলা বিভাগে, ১১-৩ গোলে কর্ণাটককে পরাজিত করে ব্রোঞ্জ পদক জিতে নিয়েছে।

---------------------- ----------------------